

প্রতিভার অন্বেষণ প্রতিযোগিতা ২০২৬

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল

ঢাকা ক্রেডিটের শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, প্রতিভার অন্বেষণ-২০২৬ অনুষ্ঠিত হচ্ছে।



২০ মে, ঢাকা নন্দায় স্কুল প্রাঙ্গণে জাতীয় সংগীত, জাতীয় পতাকা উত্তোলন, প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন ঢাকা ক্রেডিটের বোর্ড ডিরেক্টর সলোমন আই. রোজারিও ও সিইও জোনাস গমেজ।



এই সময়ে উপস্থিত ছিলেন বোর্ড ডিরেক্টর ডন এ. অধিকারী ও বাঁধন চিরান, সুপারভাইজরী কমিটির সদস্য সমীরন সমর ভৌমিক, চীফ অফিসার সুইটি সি. পিউরীফিকেশন, প্রধান শিক্ষক রতন পিটার গমেজ, অন্যান্য শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।



দুই দিনব্যাপী এই প্রতিযোগিতায় ঢাকার ছয়টি স্কুল থেকে ১৭২ জন শিক্ষার্থী ৪১ টি বিষয়ে অংশগ্রহণ করবে।

২১ মে, সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা ক্রেডিটের প্রেসিডেন্ট মাইকেল জন গমেজ।

